বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

[সমাজসেবা অধিদপ্তর নিবন্ধন নং- ২১, তারিখ: ১০/০৮/১৯৭৬
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা- ১২০৯।
ফোন : ২২২২৪০৯০, ২২২২৪০১৮৯, ২২২২৪০১৪৪।

নং-০১/২০২৬-৩৪৫(৫০০০) তারিখ : ০৩/০৫/২০২৬

বিশেষ জরুরী সাধারণ সভার নোটিশ

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্তক্রমে সমিতির গঠনতন্ত্রের ১৫(২) ধারা অনুযায়ী বিশেষ জরুরী সাধারণ সভা আগামী ২২ মে, ২০২৬ শুক্রবার বিকেল ৩.৩০ ঘটিকায় বিয়াম ফাউন্ডেশন অডিটরিয়ামে (৬৩ নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭) অনুষ্ঠিত হবে। সমিতির সম্মানিত সদস্যবৃন্দকে যথাসময়ে জরুরী সাধারণ সভায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সমিতির প্রত্যেক জেলা শাখার চেয়ারম্যান ও সাধারণ সম্পাদককে উক্ত জরুরী সাধারণ সভায় যোগদান করার জন্য অনুরোধ করা হলো। আপনার সানুগ্রহ উপস্থিতি আমাদের অনুপ্রাণিত করবে।

(মোঃ ইসমাইল হোসেন)
প্রশাসক
(অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব)

আলোচ্যসূচী :

১. পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ।
২. প্রয়াত সদস্যগণের মাগফেরাত/শান্তি কামনা করে দোয়া/প্রার্থনা।
৩. সমিতির প্রশাসক কর্তৃক স্বাগত ভাষণ।
৪. সমিতির উন্নয়নের অগ্রগতির বিষয়ে উপস্থাপনা ও আগামীর ভাবনা।
৫. আমন্ত্রিত অতিথিদের শুভেচ্ছা বক্তব্য।
৬. সমিতির গঠনতন্ত্রের প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৭. সমিতির নির্বাচন বিধিমালার প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৮. সমিতির চিকিৎসা কেন্দ্রে ডায়ালাইসিস সেন্টার চালুর জন্য জনবল বৃদ্ধি ও অর্গানোগ্রাম সংশোধন বিষয়ক কমিটির সুপারিশের আলোকে সৃজিত পদসমূহ অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৯. বিবিধ।
১০. সমিতির প্রশাসক কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন ও সভার সমাপ্তি ঘোষণা।

বিতরণ :

(ক) সমিতির সকল সদস্য।
(খ) জেলা শাখা সমিতিসমূহের সকল চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক।

বিঃ দ্রঃ (ক) সমিতির গঠনতন্ত্র, নির্বাচন বিধিমালা, অর্গানোগ্রামের প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে আলোচনা করতে ইচ্ছুক সম্মানিত সদস্যগণকে আগামী ১৫ মে, ২০২৬ তারিখের মধ্যে প্রশাসক বরাবরে নাম প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(খ) অনুগ্রহ করে নোটিশ বইটি সাথে আনার জন্য অনুরোধ করা হলো।

(গ) সমিতির বিশেষ জরুরী সাধারণ সভায় অংশগ্রহণ করতে ইচ্ছুক সম্মানিত সদস্যবৃন্দকে সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে উপস্থিত হয়ে ১৮ মে ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রেজিস্ট্রেশন এবং কুপন সংগ্রহ অথবা নিম্নের টেলিফোন নাম্বারসমূহে ফোন করে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো। যে সকল সম্মানিত সদস্য ফোনের মাধ্যমে রেজিস্ট্রেশন করবেন তাঁদের প্রবেশ কুপন অনুষ্ঠানের দিন সভাস্থলে প্রদান করা হবে। প্রবেশ কুপন ব্যতীত সভায় অংশগ্রহণ সম্ভবপর হবে না।
মোবা: ০১৬১৪৩০৮৩০০, ০১৬১০০৭৮৬৬৬, ০১৫১৮৬৭৬০৮৩।

অত্র সমিতির গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটি কর্তৃক আনীত গঠনতন্ত্রের সংশোধনী প্রস্তাব ২০২৬

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
ধারা-৫	**৫. পরিচালনার সাধারণ নীতিমালা**	৫. পরিচালনার সাধারণ নীতিমালা		
	(ক) সমিতি গঠনতন্ত্র জোরদার ও গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখিবে, যেখানে মৌলিক অধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকিবে, অন্যের প্রতি ও নিজেদের মধ্যে শ্রদ্ধাবোধ নিশ্চিত করিবে এবং যেখানে নির্বাচিত প্রতিনিধিগণের কার্যকর অংশ গ্রহণের মাধ্যমে প্রশাসন ব্যবস্থাকে শক্তিশালী করা।	(ক) সমিতি গঠনতন্ত্র জোরদার ও গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখিবে, যেখানে মৌলিক অধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকিবে, অন্যের প্রতি ও নিজেদের মধ্যে শ্রদ্ধাবোধ নিশ্চিত করিবে এবং যেখানে নির্বাচিত প্রতিনিধিগণের কার্যকর অংশ গ্রহণের মাধ্যমে প্রশাসন ব্যবস্থাকে উৎসাহিত ও শক্তিশালী করা।	'উৎসাহিত' শব্দটি নতুনভাবে সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
ধারা-৬	**৬. সংজ্ঞা**	৬. সংজ্ঞা		
	অন্যত্র যাহাই থাকুক না কেন গঠনতন্ত্রে বর্ণিত বিশেষ বিশেষ প্রাসংঙ্গিক শব্দসমূহের *নিম্ন*লিখিত অর্থ বুঝাইবে : - 'অঙ্গা সংস্থা' বলিতে কার্যনির্বাহী কমিটি কর্তৃক গঠিত বিভিন্ন অঙ্গা সংস্থাকে বুঝাইবে।	অন্যত্র যাহাই থাকুক না কেন গঠনতন্ত্রে বর্ণিত বিশেষ বিশেষ প্রাসংঙ্গিক শব্দ সমূহের নিম্নলিখিত অর্থ বুঝাইবে : (ক) 'অঙ্গ সংস্থা' বলিতে কার্যনির্বাহী কমিটি কর্তৃক গঠিত বিভিন্ন অঙ্গ সংস্থাকে বুঝাইবে।	সংজ্ঞার প্রত্যেকটি উপধারা বাংলা বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়েছে।	যৌথ সভায় অনুমোদিত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	- 'উপ-কমিটি' বলিতে কার্যনির্বাহী কমিটি/ সভাপতিকে সাহায্য করিবার জন্য কার্যনির্বাহী কমিটি বা অঞ্জ সংস্থা কর্তৃক সুনির্দিষ্ট উদ্দেশ্যে গঠিত উপ-কমিটিকে বুঝাইবে।	(খ) 'উপ-কমিটি' বলিতে কার্যনির্বাহী কমিটি/ সভাপতিকে সাহায্য করিবার জন্য কার্যনির্বাহী কমিটি বা অঙ্গ সংস্থা কর্তৃক সুনির্দিষ্ট উদ্দেশ্যে গঠিত উপ-কমিটিকে বুঝাইবে।		
	বিদ্যমান গঠনতন্ত্রে উপদেষ্টা পরিষদের বিষয়ে কিছু উল্লেখ নেই।	(গ) উপদেষ্টা পরিষদ: 'উপদেষ্টা পরিষদ' বলিতে গঠনতন্ত্রের অধীনে অনুমোদিত উপদেষ্টা পরিষদকে বুঝাইবে।	'উপদেষ্টা পরিষদ' হিসেবে সংগঠনের নতুন একটি পরিষদ গঠনের কথা উল্লেখ করা হয়েছে। বর্তমানে সংগঠনের ব্যাপকতার কারণে ৫ (পাঁচ) জন সিনিয়র সদস্যদের সমন্বয়ে উপদেষ্টা পরিষদের প্রয়োজন অনুভূত হয়।	যৌথ সভায় সুপারিশকৃত
	বিদ্যমান সংজ্ঞা নেই	(ছ) 'ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সমিতির ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদককে বুঝাইবে।	ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক নামে নতুন পদ সৃষ্টির প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় অনুমোদিত
	- 'পেনশন (অবসর ভাতা)' বলিতে আংশিকভাবে প্রদেয় হউক বা না হউক, যে কোন অবসর ভাতা, যাহা কোন ব্যক্তি বা ব্যক্তির ক্ষেত্রে দেয় এবং কোন ভবিষ্য তহবিলের চাঁদা বা ইহার সহিত সংযোজিত অতিরিক্ত অর্থ প্রত্যার্পণ বাংলাদেশে দেয় অবসরকালীন বেতন বা আনুতোষিক ইহার অন্তর্ভুক্ত হইবে।	(ড) 'পেনশন (অবসর ভাতা)' বলিতে সরকারী চাকুরী সমাপ্তিতে সরকার কর্তৃক নিয়মিতভাবে প্রদত্ত আর্থিক ভাতাদিকে বুঝাইবে।	সংজ্ঞাটি সহজীকরণের জন্য সংশোধনীর প্রস্তাব করা হয়েছে।	

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	**১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত**
	বিদ্যমান সংজ্ঞা নেই	(ণ) 'প্রচার ও প্রকাশনা সম্পাদক' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সমিতির প্রচার ও প্রকাশনা সম্পাদককে বুঝাইবে।	প্রচার ও প্রকাশনা সম্পাদক নামে নতুন পদ সৃষ্টির প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় অনুমোদিত
	- 'বৎসর' বলিতে ১ জানুয়ারী হইতে ৩১ ডিসেম্বর পর্যন্ত পঞ্জিকা বৎসর বুঝাইবে।	(থ) 'বৎসর' বলিতে ০১ জানুয়ারি হইতে ৩১ ডিসেম্বর পর্যন্ত পঞ্জিকা বৎসর বুঝাইবে। তবে আর্থিক বৎসর বলিতে ১ জুলাই হতে ৩০ জুন পর্যন্ত সময়কালকে বুঝাইবে।	সমিতিতে সরকারি অনুদান আর্থিক বছরের ভিত্তিতে প্রদান করায় আর্থিক বছরের বিষয়টি সংজ্ঞায়িত করে সংশোধনের প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
	বিদ্যমান সংজ্ঞা নেই	(দ) 'বাষিক সাধারণ সভা' বলিতে সমিতির সাধারণ পরিষদের সভা বুঝাইবে।	'বার্ষিক সাধারণ সভা' সংজ্ঞা না থাকার কারণে সংজ্ঞায়িত করার প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	- 'সহকারী মহাসচিব' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সহকারী মহাসচিবকে বুঝাইবে।	(শ) বিলুপ্ত	সংগঠনের সদস্য সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কার্যনির্বাহী কমিটির পদ সংখ্যা বৃদ্ধি ও যুগ্ম মহাসচিব দুইটি পদ অর্থাৎ ১টি পদ বৃদ্ধি করায় সহকারী মহাসচিব পদ বিলুপ্ত করার প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
	- 'সহ-সভাপতি' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সমিতির একজন সহ-সভাপতিকে বুঝাইবে।	(ষ) 'সহ-সভাপতি' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সমিতির দুজন সহ-সভাপতিকে বুঝাইবে। দুজনের মধ্যে যিনি বেশি ভোটে নির্বাচিত হইবেন, তিনি সহ-সভাপতি ০১ বলিয়া গণ্য হইবেন।	সহ-সভাপতি ২ জন বিধায় সহ-সভাপতি-০১ কোনজন তা নির্ধারণ করে দেওয়ার জন্য সংশোধনী আনয়ন করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
	বিদ্যমান সংজ্ঞা নেই	(ঢ) 'স্বাস্থ্য ও কল্যাণ সম্পাদক' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সমিতির স্বাস্থ্য ও কল্যাণ সম্পাদককে বুঝাইবে।	স্বাস্থ্য ও কল্যাণ সম্পাদক নামে নতুন পদ সৃষ্টির প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় অনুমোদিত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
ধারা-৭	**৭. কার্যাবলী**	**৭. কার্যাবলী**		
	(গ) সরকার হইতে প্রাপ্ত অনুদান ও অংশগ্রহণকারীগণের চাঁদা ও দান হইতে পেনশনার ও তাঁহাদের পরিবার-পরিজনের অবসর ও বিনোদনের সুযোগ-সুবিধা প্রদান যেমন বনভোজন, সাংস্কৃতিক অনুষ্ঠান, ঈদ পুনর্মিলনী, মিলাদ মাহফিল, ক্রীড়া প্রতিযোগিতা এবং প্রবীণ জনগণের সমস্যা ও তাহার সমাধানের উপর দৃষ্টি আকর্ষণের উদ্দেশ্যে আলোচনা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি অনুষ্ঠান। জাতীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ যেমন ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২৬ মার্চ স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, মহান ২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৭ মার্চ জাতীয় শিশু দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস এবং সামাজিক অনুষ্ঠানাদি যথা ১লা বৈশাখ ইত্যাদি যথাযথ মর্যাদার সাথে উদযাপন।	(গ) সরকার হইতে প্রাপ্ত অনুদান ও অংশগ্রহণকারীগণের চাঁদা ও দান হইতে পেনশনার ও তাঁহাদের পরিবার-পরিজনের অবসর ও বিনোদনের সুযোগ-সুবিধা প্রদান যেমন বনভোজন, সাংস্কৃতিক অনুষ্ঠান, ঈদ পুনর্মিলনী, দোয়া মাহফিল, ক্রীড়া প্রতিযোগিতা এবং প্রবীণ জনগণের সমস্যা ও তাহার সমাধানের উপর দৃষ্টি আকর্ষণের উদ্দেশ্যে আলোচনা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি অনুষ্ঠান। জাতীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ অর্থাৎ সরকার নির্ধারিত জাতীয় দিবস এবং সামাজিক অনুষ্ঠানাদি যথাযথ মর্যাদার সাথে উদযাপন।	'মিলাদ মাহফিল' শব্দটি বর্তমানে প্রচলিত 'দোয়া মাহফিল' হিসেবে পরিবর্তন করা হয়েছে। জাতীয় গুরুত্বপূর্ণ দিবস বিভিন্ন সময়ে পরিবর্তন হয়। তাই প্রতিবার গঠনতন্ত্র সংশোধন করা সম্ভব হয় না। জাতীয় দিবস পৃথক-পৃথকভাবে উল্লেখ না করে এককথায় সরকার নির্ধারিত জাতীয় দিবস এবং সামাজিক অনুষ্ঠানাদি যথাযথ মর্যাদার সাথে উদযাপন কল্পে পরিবর্তন করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি

			কমিটির ব্যাখা	ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	(ছ) সময় সময় শিক্ষাবৃত্তিক ও সাংস্কৃতিক আলাপ-আলোচনার ব্যবস্থা গ্রহণ।	(ছ) সময় সময় শিক্ষাবিষয়ক, সাংস্কৃতিক ও স্বাস্থ্য বিষয়ক আলাপ-আলোচনার ব্যবস্থা গ্রহণ।	সংগঠনে স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম সমিতির কল্যাণ কার্যক্রমের অন্তর্ভুক্ত ইহা সমিতির একটি অন্যতম বিশেষ কার্যক্রম বিধায় এখানে বিষয়টি নতুনভাবে সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
	(ঝ) দাতব্য হাসপাতাল/ ডায়াগনস্টিক সেন্টার/ প্যাথলজি ল্যাব স্থাপন।	(ঝ) ঢাকা ও শাখাসমূহে দাতব্য হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টার/প্যাথলজি ল্যাব স্থাপন।	সমিতির এই কার্যক্রম ঢাকা ও শাখাসমূহে ব্যাপ্তির কারণে চিহ্নিত করে সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
ধারা-৮	**৮. সদস্য পদ**	**৮. সদস্য পদ**		
	(ক) বাংলাদেশ সরকারের চাকুরি হইতে অবসরপ্রাপ্ত সকল বেসামরিক সরকারি কর্মচারী এই সমিতির সদস্য হইতে পারিবেন; তবে তাঁহাদিগকে সমিতির গঠনতন্ত্র ও আইন-কানুন মানিয়া চলিতে হইবে এবং সমিতির নির্ধারিত চাঁদা/ফিস ইত্যাদি প্রদান করিতে হইবে। কোন কর্মচারীকে যদি চাকুরি হইতে বরখাস্ত করা হয় কিংবা চাকুরিকালীন সময় তিনি যদি কোন অপরাধে শাস্তি প্রাপ্ত হন বা অবসরকালীন সময়ে কোন সরকারি বা বেসরকারি সংস্থায় বৈতনিক বা অবৈতনিক কোন কাজে নিয়োজিত থাকাকালীন সময়ে যদি নৈতিকতা বিরোধী কোন কাজের জন্য ঐ পদ হইতে অপসারিত হন অথবা কর্তৃপক্ষের অনুরোধে পদত্যাগ করিতে বাধ্য হন, তবে তিনি সমিতির সদস্য পদ লাভে অযোগ্য বিবেচিত হইবেন। যে সকল বেসামরিক সরকারি কর্মচারী স্বাভাবিক নিয়মে সরকারি চাকুরি হইতে অবসর গ্রহণের আদেশপ্রাপ্ত হইয়াছেন	(ক) বাংলাদেশ সরকারের চাকুরি হইতে অবসরপ্রাপ্ত সকল বেসামরিক সরকারি কর্মচারী এই সমিতির সদস্য হইতে পারিবেন; তবে তাঁহাদিগকে সমিতির গঠনতন্ত্র ও আইন-কানুন মানিয়া চলিতে হইবে এবং সমিতির নির্ধারিত চাঁদা/ফিস ইত্যাদি প্রদান করিতে হইবে। কোন কর্মচারীকে যদি চাকুরি হইতে বরখাস্ত করা হয় কিংবা চাকুরিকালীন সময় তিনি যদি কোন অপরাধে শাস্তি প্রাপ্ত হন বা অবসরকালীন সময়ে কোন সরকারি বা বেসরকারি সংস্থায় বৈতনিক বা অবৈতনিক কোন কাজে নিয়োজিত থাকাকালীন সময়ে যদি নৈতিকতা বিরোধী কোন কাজের জন্য ঐ পদ হইতে অপসারিত হন অথবা কর্তৃপক্ষের অনুরোধে পদত্যাগ করিতে বাধ্য হন, তবে তিনি সমিতির সদস্য পদ লাভে অযোগ্য বিবেচিত হইবেন। যে সকল বেসামরিক সরকারি কর্মচারী স্বাভাবিক নিয়মে সরকারি চাকুরি হইতে অবসর গ্রহণের আদেশপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাও পেনশন সুবিধাদি অনুমোদিত		যৌথ সভায় সুপারিশকৃত

	তাঁহারাও পেনশন সুবিধাদি অনুমোদিত হওয়ার পূর্বে সমিতির সদস্য হইতে পারিবেন; তবে এ ক্ষেত্রে তাঁহাদের সর্বশেষ বেতনের উপর চাঁদা ইত্যাদি নির্ধারিত হইবে।	হওয়ার পূর্বে সমিতির সদস্য হইতে পারিবেন। (ক) (১) কোন কর্মচারী কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে কিংবা বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষনা বা স্বীকার করিলে তিনি সমিতির সদস্য পদ লাভে অযোগ্য বিবেচিত হইবেন । (২) কোন সরকারি কর্মচারি সিভিল সার্জন কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হইলে তিনি সমিতির সদস্য পদ লাভে অযোগ্য বিবেচিত হইবেন । (৩) কোন সরকারি কর্মচারি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজসকারী (বিশেষ ট্রাইবুনাল) আদেশের অধীন কোন অপরাধে অভিযুক্ত হইলে তিনি সমিতির সদস্য পদ লাভে অযোগ্য বিবেচিত হইবেন বা সদস্য পদ হারাইবেন। (৪) কোন সরকারি কর্মচারি ১৯৭৩ সালের আন্তর্জাতিক অপরাধ (ট্রাইবুনাল) আইনের অধীন কোন অপরাধে অভিযুক্ত হইলে তিনি সমিতির সদস্য পদ লাভে অযোগ্য বিবেচিত হইবেন বা সদস্য পদ হারাইবেন।	সদস্য পদের যোগ্যতা অধিকতর স্পষ্টীকরণের জন্য বাংলাদেশ সংবিধানের আলোকে সন্নিবেশ করা হয়েছে।	
গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত

	(গ) প্রত্যেক সদস্য পদপ্রার্থীকে নির্ধারিত ফরমে সমিতির মহাসচিব বা কার্যনির্বাহী কমিটির মনোনীত অন্য কোন ব্যক্তির বরাবরে আবেদন করিতে হইবে। ঐ আবেদনপত্র কার্যনির্বাহী কমিটি কর্তৃক গ্রহণযোগ্য হইলে আবেদনকারী সমিতির তালিকাভুক্ত ও রেজিষ্ট্রিকৃত সদস্য হিসাবে গণ্য হইবে।	(গ) প্রত্যেক সদস্য পদপ্রার্থীকে তফসিলে নির্ধারিত ফরমে সমিতির মহাসচিব বা কার্যনির্বাহী কমিটির মনোনীত অন্য কোন ব্যক্তির বরাবরে আবেদন করিতে হইবে। ঐ আবেদনপত্র কার্যনির্বাহী কমিটি কর্তৃক গ্রহণযোগ্য হইলে আবেদনকারী সমিতির তালিকাভুক্ত ও রেজিষ্ট্রিকৃত সদস্য হিসাবে গণ্য হইবেন।	নির্ধারিত ফরমসমূহকে অন্যান্য বিধিমালার মত তফসিল করা হয়েছে বিধায় ‘তফসিলে’ শব্দটি সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
	(গ) (১) অবসরপ্রাপ্ত কোন সরকারি কর্মচারী একই সঙ্গে কেন্দ্রীয় ও জেলা শাখা সমিতিতে সদস্যভুক্ত হইতে পারিবেন না।	(গ) (১) অবসরপ্রাপ্ত কোন সরকারি কর্মচারী যুগপৎ কেন্দ্রীয় ও জেলা শাখা সমিতিতে সদস্যভুক্ত হইতে পারিবেন না।	শ্রুতিমধুর করার জন্য একই সঙ্গে শব্দ দু'টির পরিবর্তে যুগপৎ শব্দ যোগ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
ধারা-১১	১১. সমিতির বেতনভোগী কর্মকর্তা বা কর্মচারীদের কার্যনির্বাহী কমিটিতে অন্তর্ভুক্তি	১১. সমিতির বেতনভোগী কর্মকর্তা বা কর্মচারীদের কার্যনির্বাহী কমিটিতে অন্তর্ভুক্তি।		
	কোন ব্যক্তি বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির বেতনভোগী কর্মকর্তা বা কর্মচারীরূপে সর্বনিম্ন তিন বৎসর কালের জন্য চাকুরিতে নিয়োজিত থাকিলে তিনি বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যনির্বাহী কোন পদে তাহার চাকুরি হইতে অবসরের পর অন্ততঃ তিন বৎসর নির্বাচিত হইতে পারিবেন না।	কোন ব্যক্তি বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির বেতনভোগী কর্মকর্তা বা কর্মচারীরূপে সর্বনিম্ন তিন বৎসর কালের জন্য চাকুরিতে নিয়োজিত থাকিলে তিনি বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যনির্বাহী কমিটির কোন পদে তাহার চাকুরি হইতে অবসরের পর অন্ততঃ তিন বৎসর অতিবাহিত না হওয়া পর্যন্ত নির্বাচিত হইতে পারিবেন না।	স্পষ্টীকরণের জন্য 'কার্যনির্বাহী' কোন পদে স্থলে 'কার্যনির্বাহী কমিটির কোন পদে' রুপে সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
ধারা-১৩	**১৩. সমিতির গঠন**	**১৩. সমিতির গঠন**		
	(ক) সমিতির সকল সদস্য এবং অনুমোদিত শাখা সমিতিসমূহের চেয়ারম্যান ও সাধারণ সম্পাদকগণের সমন্বয়ে সমিতির একটি সাধারণ পরিষদ থাকিবে।	**(ক) সাধারণ পরিষদঃ** সমিতির সকল সদস্য এবং অনুমোদিত শাখা সমিতিসমূহের চেয়ারম্যান ও সাধারণ সম্পাদকগণের সমন্বয়ে সমিতির একটি সাধারণ পরিষদ থাকিবে। **(ক) (১) উপদেষ্টা পরিষদঃ** সমিতির সদস্যদের মধ্য হইতে ০৫(পাঁচ) সদস্যের একটি উপদেষ্টা পরিষদ থাকিবে। এই উপদেষ্টা পরিষদ নতুন কার্যনির্বাহী কমিটির প্রথম সভায়	'সাধারণ পরিষদ' শব্দটি স্পষ্টীকরণের জন্য নতুনভাবে সন্নিবেশ করা হয়েছে। 'উপদেষ্টা পরিষদ' হিসেবে সংগঠনের নতুন একটি পরিষদ গঠনের প্রস্তাব করা	যৌথ সভায় সুপারিশকৃত

		অনুমোদনের মাধ্যমে গঠিত হইবে।	হয়েছে। বর্তমানে সংগঠনের সদস্য সংখ্যা ও কাজের ব্যাপকতার জন্য ০৫ (পাঁচ) জন সিনিয়র সদস্যের সমন্বয়ে উপদেষ্টা পরিষদের প্রয়োজন অনুভূত হয়।	
	খ) (১) ১লা জানুয়ারী হইতে পরবর্তী ২ (দুই) বৎসরের জন্য সপ্তদশ ধারা মোতাবেক নিম্নলিখিত ১৯টি পদে সমিতির কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হইবে:	**(খ) (১) কার্যনির্বাহী কমিটি: খ্রিস্টীয় পঞ্জিকার ০১** জানুয়ারি হইতে পরবর্তী ২ (দুই) বৎসরের জন্য **১৭** ধারা মোতাবেক নিম্নলিখিত ২৫টি পদে সমিতির কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হইবে:	'কার্যনির্বাহী কমিটি' খ্রিস্টীয় পঞ্জিকার ০১ জানুয়ারি শব্দটি অধিকতর স্পষ্টীকরণের জন্য নতুন সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	(১) সভাপতি ১ (এক) (২) সহ-সভাপতি ২ (দুই) (৩) মহাসচিব ১ (এক) (৪) কোষাধ্যক্ষ ১ (এক) (৫) যুগ্ম মহাসচিব ১ (এক) (৬) যুগ্ম কোষাধ্যক্ষ ১ (এক) (৭) সহকারী মহাসচিব ১ (এক) (৮) সদস্য ১১ (এগার) (২) উপরিউক্ত ১৩ (খ) (১) উপধারায় গঠিত কার্যনির্বাহী কমিটি স্ব-স্ব বিভাগের শাখা সমিতির সঙ্গে আলোচনাক্রমে প্রত্যেক প্রশাসনিক বিভাগ হইতে নিম্নে বর্ণিত পদ্ধতিতে প্রতিনিধি সহযোজন করিতে পারিবেন :	(১) সভাপতি ১ (এক) (২) সহ-সভাপতি ২ (দুই) (৩) মহাসচিব ১ (এক) (৪) কোষাধ্যক্ষ ১ (এক) (৫) যুগ্ম মহাসচিব ২ (দুই) (৬) যুগ্ম কোষাধ্যক্ষ ১ (এক) (৭) স্বাস্থ্য ও কল্যাণ সম্পাদক ১ (এক) (৮) ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ১ (এক) (৯) প্রচার ও প্রকাশনা সম্পাদক ১ (এক) (১০) সদস্য ১৪ (চৌদ্দ) (২) উপরিউক্ত ১৩ (খ) (১) উপধারায় গঠিত কার্যনির্বাহী কমিটি স্ব-স্ব বিভাগের শাখা সমিতির সঙ্গে আলোচনাক্রমে প্রত্যেক প্রশাসনিক বিভাগ হইতে নিম্নে বর্ণিত পদ্ধতিতে প্রতিনিধি সহযোজন করিতে পারিবেন :	সমিতির সদস্য সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সংগঠনের কার্যক্রমের ব্যাপ্তি বিবেচনায় এবং এ ধরনের অন্যান্য সংগঠনের সাথে সামাঞ্জস্য রেখে কার্যনির্বাহী কমিটির পদসমূহ পদবিন্যাস করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
	(ক) যে সকল বিভাগে দশের অধিক জেলা আছে সে সকল বিভাগ হইতে দুইজন করিয়া সদস্য ; এবং (খ) যে সকল বিভাগে দশ বা উহার কমসংখ্যক জেলা আছে সে সকল বিভাগ হইতে একজন করিয়া সদস্য।	(ক) যে সকল বিভাগে পাঁচের অধিক জেলা আছে সে সকল বিভাগ হইতে দুইজন করিয়া সদস্য ; এবং (খ) যে সকল বিভাগে পাঁচ বা উহার কমসংখ্যক জেলা আছে সে সকল বিভাগ হইতে একজন করিয়া সদস্য।	বর্তমানে দেশে ১০টি বিভাগ বিদ্যমান হওয়ায় পূর্বে দশের অধিক জেলার পরিবর্তে পাঁচের অধিক শব্দটি সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	(৫) কোন ব্যক্তি ধারাবাহিকভাবে দুই মেয়াদের বেশী সভাপতি ও মহাসচিব পদে নির্বাচিত হইতে পারিবেন না। বিদায়ী সভাপতি ও মহাসচিব পরবর্তী এক মেয়াদে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসাবে বহাল থাকিবেন। কোন ব্যক্তি ধারাবাহিকভাবে দুই মেয়াদের বেশী সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, যুগ্ম-মহাসচিব, যুগ্ম-কোষাধ্যক্ষ ও সহকারী মহাসচিব পদে নির্বাচিত বা সহযোজিত হইতে পারিবেন না। বিদায়ী সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, যুগ্ম-মহাসচিব, যুগ্ম-কোষাধ্যক্ষ ও সহকারী মহাসচিব পরবর্তী মেয়াদের জন্য কার্যনির্বাহী কমিটির অন্য কোন পদেও নির্বাচিত বা সহযোজিত হইতে পারিবেন না।	(৫) কোন ব্যক্তি ধারাবাহিকভাবে দুই মেয়াদের বেশী কোন পদে নির্বাচিত হইতে পারিবেন না এবং পরবর্তী কার্যনির্বাহী কমিটির অন্য কোন পদেও নির্বাচিত হইতে পারিবেন না। তবে উক্ত মেয়াদ অতিবাহিত হওয়ার পর তিনি কার্যনির্বাহী কমিটির যে কোন পদে নির্বাচনের জন্য যোগ্য হইবেন।	অধিকতর স্পষ্টীকরণের জন্য এই পরিবর্তন আনায়ন করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	(৭) অনিবার্য কারণবশত যদি ৩১ শে ডিসেম্বরের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয় তবে নির্বাচন না হওয়া পর্যন্ত বিদ্যমান কার্যনির্বাহী কমিটি ইহার কার্যক্রম চালাইয়া যাইবে। কিন্তু কোন অবস্থাতেই নির্বাচন ৩১ শে মার্চের পরে পিছানো যাইবে না।	(৭) অনিবার্য কারণবশত: যদি ৩১ ডিসেম্বরের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয় তবে নির্বাচন না হওয়া পর্যন্ত বিদ্যমান কার্যনির্বাহী কমিটি ইহার কার্যক্রম চালাইয়া যাইবে। কিন্তু কোন অবস্থাতেই নির্বাচন ৩১ মার্চের পরে পিছানো যাইবে না। তবে দৈব দুর্বিপাক বা অন্যবিধ কারণে নিবন্ধন কর্তৃপক্ষ এডহক কমিটি গঠন করিতে পারিবে।	সংবিধানের সাথে সামঞ্জস্য রেখে গঠনতন্ত্রের এ পরিবর্তনের প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
	(৮) কার্যনির্বাহী কমিটিকে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হবে।	(৮) কার্যনির্বাহী কমিটিকে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।	বাংলায় সাধু রীতি করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
ধারা-১৫	**১৫. সমিতি সভাসমূহ**	**১৫. সমিতির সভাসমূহ**		
	(খ) কার্যনির্বাহী কমিটি:	**(খ) কার্যনির্বাহী কমিটি:**		
	কার্যনির্বাহী সভা বৎসরে অন্ততঃ ৬ বার এবং প্রতি তিন মাসে অন্ততঃ ১ বার অনুষ্ঠিত হইতে হইবে। মহাসচিব সভার তারিখ, সময় ও কার্যসূচী উল্লেখপূর্বক এই সভার নোটিশ জারী করিবেন। কার্যনির্বাহী কমিটির কোন সদস্য যদি কোন যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে কমিটির পর পর দুইটি সভায় অনুপস্থিত থাকেন, তবে স্বয়ংক্রিয়ভাবেই তিনি কার্যনির্বাহী কমিটির সদস্যপদ হারাইবেন এবং কমিটিতে ঐ পদ শূন্য হইয়া যাইবে।	কার্যনির্বাহী সভা বৎসরে অন্ততঃ ৬ বার এবং প্রতি তিন মাসে অন্ততঃ ১ বার অনুষ্ঠিত হইতে হইবে। মহাসচিব সভার তারিখ, সময় ও কার্যসূচী উল্লেখপূর্বক এই সভার নোটিশ জারী করিবেন। কার্যনির্বাহী কমিটির কোন সদস্য যদি কোন যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে কমিটির পর পর দুইটি সভায় অনুপস্থিত থাকেন, তবে স্বয়ংক্রিয়ভাবেই তিনি কার্যনির্বাহী কমিটির সদস্যপদ হারাইবেন এবং কমিটিতে ঐ পদ শূন্য হইয়া যাইবে।		

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	বিদ্যমান কোন ধারা নেই	(খ) (১) উপদেষ্টা পরিষদ:		
		উপদেষ্টা পরিষদের সদস্যগণও বিশেষ আমন্ত্রণে কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থিত থাকিবেন এবং সময়ে সময়ে কার্যনির্বাহী কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিবেন।	উপদেষ্টা পরিষদের সদস্যবর্গ যেহেতু সিনিয়র সদস্য হবে সেহেতু তাঁহাদের প্রয়োজনীয় পরামর্শের জন্য দায়িত্বের বিষয়টি সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
ধারা-১৬	**১৬. সভার নোটিশ**	**১৬. সভার নোটিশ**		
	(চ) সাধারণ সভার নোটিশ যদি ব্যক্তিগতভাবে প্রত্যেক সদস্যের নিকট পাঠানো সম্ভব না হয় , তবে এই নোটিশ ঢাকার দুইটি দৈনিক পত্রিকায় প্রকাশ করিলে নোটিশ যথাযথ জারী হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে। অনিচ্ছাকৃত ত্রুটি বা কোন আকস্মিক কারণে যদি কোন সদস্যের নোটিশ পাঠানো সম্ভব না হয়, তবে তাহাতে সভার কার্যাবলী অবৈধ হইবে না।	(চ) সাধারণ সভার নোটিশ যদি ব্যক্তিগতভাবে প্রত্যেক সদস্যের নিকট পাঠানো সম্ভব না হয় , তবে এই নোটিশ ঢাকার দুইটি দৈনিক পত্রিকায় প্রকাশ করিলে নোটিশ যথাযথ জারী হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে। অনিচ্ছাকৃত ত্রুটি বা কোন আকস্মিক কারণে যদি কোন সদস্যের নোটিশ পাঠানো সম্ভব না হয়, তবে তাহাতে সভার কার্যাবলী অবৈধ হইবে না। সভার নোটিশ এসএমএস এর মাধ্যমে সদস্যদের নিকট প্রেরণ করা যাইবে।	বর্তমানে এসএমএস একটি অন্যতম যোগাযোগের মাধ্যম বিধায় তা সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
ধারা-১৭	**১৭. নির্বাচন**	১৭. নির্বাচন		
	(চ) ভোটের দিন উপস্থিত নিবন্ধিত ভোটার তালিকাভূক্ত প্রত্যেক সদস্যের ভোটাধিকার থাকিবে। অনুপস্থিত সদস্যের পক্ষে অন্য কেহ ভোট প্রদান করিতে পারিবেন না। একজন অবসরপ্রাপ্ত পেনশনার কোন পঞ্জিকা বৎসরের ৩১ আগস্ট এর মধ্যে সমস্ত ফি' ও বার্ষিক চাঁদা প্রদান করিয়া সংস্থার সদস্য হিসাবে নিবন্ধিত হইলে তিনি প্রত্যেক প্রার্থী পদের বিপরীতে পরবর্তী নির্বাচনে ভোট প্রদান করিতে পারিবেন।	(চ) ভোটের দিন উপস্থিত নিবন্ধিত ভোটার তালিকাভূক্ত প্রত্যেক সদস্যের ভোটাধিকার থাকিবে। অনুপস্থিত সদস্যের পক্ষে অন্য কেহ ভোট প্রদান করিতে পারিবেন না। একজন অবসরপ্রাপ্ত পেনশনার কোন পঞ্জিকা বৎসরের নির্বাচন সিডিউল ঘোষণার তারিখের মধ্যে সমস্ত ফি' ও বার্ষিক চাঁদা প্রদান করিয়া সংস্থার সদস্য হিসাবে নিবন্ধিত হইলে তিনি চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইবেন প্রত্যেক প্রার্থী পদের বিপরীতে পরবর্তী নির্বাচনে ভোট প্রদান করিতে পারিবেন।	বিষয়টি অধিকতর স্পষ্টীকরণের জন্য সংশোধনী প্রস্তাব করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
ধারা-১৮	**১৮. ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য**	১৮. ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য		
	(ঘ) সহ-সভাপতি:	**(ঘ) সহ-সভাপতি:**		
	সভাপতির অনুপস্থিতিতে তিনি সভাপতির সকল দায়িত্ব ও ক্ষমতার অধিকারী হইবেন। সভাপতির অবর্তমানে যে সহ-সভাপতি নির্বাচনে সর্বাধিক ভোট পাইয়াছেন তিনি কার্যনির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।	সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি-০১ এবং সহ-সভাপতি- ০১ এর অনুপস্থিতিতে সহ-সভাপতি-০২ সভাপতির সকল দায়িত্ব ও ক্ষমতার অধিকারী হইবেন। সভাপতির অবর্তমানে যে সহ-সভাপতি নির্বাচনে সর্বাধিক ভোট পাইয়াছেন তিনি সহ-সভাপতি-০১ হিসেবে গণ্য হইবেন।	যেহেতু ২ জন সহ-সভাপতি রয়েছে সেহেতু প্রত্যেক সহ-সভাপতির দায়িত্ব ও ক্ষমতা চিহ্নিত করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
	(ঙ) (৬) সভাপতির অনুমোদনক্রমে প্রয়োজনবোধে তিনি তাঁহার কোনো কাজ যুগ্ম-মহাসচিব, সহকারী মহাসচিব বা অন্য কোনো কর্মচারীর উপর অর্পণ করিতে পারিবেন।	(ঙ) (৬) সভাপতির অনুমোদনক্রমে প্রয়োজনবোধে তিনি তাঁহার কোনো কাজ যে কোনো যুগ্ম-মহাসচিব বা অন্য কোনো কার্যনির্বাহী কমিটির সদস্যের উপর অর্পণ করিতে পারিবেন।		
	(চ) যুগ্ম-মহাসচিব ও সহকারী মহাসচিব: সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-মহাসচিব ও সহকারী মহাসচিব সাময়িকভাবে মহাসচিবের অনুপস্থিতিতে দায়িত্ব পালন করিবেন।	(চ) যুগ্ম-মহাসচিবঃ মহাসচিবের অনুপস্থিতিতে সভাপতির অনুমোদনক্রমে যুগ্ম-মহাসচিব-০১ এবং যুগ্ম-মহাসচিব-০১ এর অনুপস্থিতিতে যুগ্ম- মহাসচিব-০২ মহাসচিবের সকল দায়িত্ব ও ক্ষমতার অধিকারী হইবেন। যে যুগ্ম-মহাসচিব নির্বাচনে সর্বাধিক ভোট পাইয়াছেন তিনি যুগ্ম-মহাসচিব-০১ হিসাবে গণ্য হইবেন।		

গঠনতন্ত্রের ধারা	বিদ্যমান গঠনতন্ত্র	প্রস্তাবিত সংশোধনী	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সহায়ক কমিটি ও উপকমিটিসমূহের যৌথ সভার সিদ্ধান্ত
ধারা-২৪	**২৪. সংশোধনী**	২৪. সংশোধনী		
	(খ) সমিতির প্রত্যেক সদস্যেরই সংবিধানের সংশোধনীর প্রস্তাব আনয়নের অধিকার থাকিবে ; তবে ঐ প্রস্তাব প্রতি বৎসরের ১৫ই সেপ্টেম্বরের মধ্যে মহাসচিবের নিকট দাখিল করিতে হইবে। মহাসচিব ঐ প্রস্তাব কার্যনির্বাহী কমিটির বিবেচনার জন্য কমিটিতে পেশ করিবেন এবং কমিটির সুপারিশসহ তাহা সাধারণ সভায় উপস্থাপন করিবেন।	(খ) সমিতির প্রত্যেক সদস্যেরই সংবিধানের সংশোধনীর প্রস্তাব আনয়নের অধিকার থাকিবে ; তবে ঐ প্রস্তাব প্রতি বৎসরের ১৫ই সেপ্টেম্বরের মধ্যে মহাসচিবের নিকট দাখিল করিতে হইবে। মহাসচিব ঐ প্রস্তাব কার্যনির্বাহী কমিটির বিবেচনার জন্য কমিটিতে পেশ করিবেন এবং কমিটির সুপারিশসহ তাহা সাধারণ সভায় উপস্থাপন করিবেন। তবে কার্যনির্বাহী কমিটি প্রয়োজনবোধে গঠনতন্ত্র সংশোধনের জন্য উদ্যোগ গ্রহণ করিতে পারিবে।	কার্যনির্বাহী কমিটি প্রয়োজন বোধে গঠনতন্ত্র সংশোধন উদ্যোগ গ্রহণের জন্য বিষয়টি সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত
ধারা-২৬	**২৬. বিদ্যমান কোন ধারা নেই**	**২৬. নির্ভরযোগ্য পাঠ**		
		(১) গঠনতন্ত্রের বাংলা ও ইংরেজি উভয় ভাষায় প্রণীত একটি নির্ভরযোগ্য পাঠ বলিয়া গণ্য হইবে। তবে বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।	সংবিধানের আলোকে বাংলা ও ইংরেজি উভয় পাঠের নির্ভরযোগ্যতার জন্য নতুন এই বিধানটি সন্নিবেশ করা হয়েছে।	যৌথ সভায় সুপারিশকৃত

অত্রসমিতির গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটি কর্তৃক আনীত

নির্বাচন বিধিমালার সংশোধনী প্রস্তাব ২০২৬

বিদ্যমান নির্বাচন বিধিমালা -২০২৪	প্রস্তাবিত সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ, ২০২৬ তারিখের সহায়ক কমিটি ও উপকমিটির যৌথ সভায় সিদ্ধান্ত
১। **সংক্ষিপ্ত শিরোনাম**: এই বিধিমালা বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচন বিধিমালা নামে অভিহিত হইবে।	১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন** : (১) এই বিধিমালা বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচন বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে। (২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।	যে কোনো আইন ও বিধিমালার কার্যকর ও প্রবর্তনের বিধান প্রয়োজন।	অনুমোদিত
২। সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়: * "সভাপতি" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতিকে বুঝাইবে। * "সহ-সভাপতি" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সহ- সভাপতিকে বুঝাইবে। * "মহাসচিব" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির মহাসচিবকে বুঝাইবে। * "কোষাধ্যক্ষ" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কোষাধ্যক্ষকে বুঝাইবে। * "যুগ্ম-মহাসচিব" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির যুগ্ম- মহাসচিবকে বুঝাইবে। * "যুগ্ম কোষাধ্যক্ষ" বলিতে বাংলাদেশ	**২। সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়: (ক) "অবসর ভবন" বলিতে ঢাকাস্থ বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির অফিস ভবন এবং ইহার সীমানা প্রাচীর এর অভ্যন্তরস্থ স্থাপনা ও ভূমি বুঝাইবে। (খ) "কার্যনির্বাহী কমিটি" বলিতে সমিতির গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত কার্যনির্বাহী কমিটিকে বুঝাইবে। (গ) 'কার্যনির্বাহী কমিটির সদস্য' বলিতে সদস্যদের ভোটে নির্বাচিত ব্যক্তিকে বুঝাইবে। (ঘ) "কোষাধ্যক্ষ" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কোষাধ্যক্ষকে বুঝাইবে। (ঙ) "ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি	যে কোনো আইন ও বিধিমালায় সংজ্ঞা লিপিবদ্ধকরণে বাংলা বর্ণনানুক্রমিকভাবে ধারাবাহিকতা রক্ষা করা হয়। পূর্বের বিধিমালায় তা ছিল না। এখানে বাংলা বর্ণনানুক্রমিকভাবে সংজ্ঞা প্রণয়ন করা হয়েছে এবং সংজ্ঞায় ক্রমিকায়ন করা হইয়াছে। **ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক নামে নতুন পদ সৃষ্টির প্রস্তাব**	অনুমোদিত

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির যুগ্ম কোষাধ্যক্ষকে বুঝাইবে । * "সহকারি মহাসচিব" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সহকারি মহাসচিবকে বুঝাইবে। * "প্রধান নির্বাচন কমিশনার" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচন পরিচালনার জন্য সমিতির অধীনে প্রধান নির্বাচন কমিশনার হিসাবে নিযুক্ত ব্যক্তিকে বুঝাইবে। * "নির্বাচন কমিশনার" বলিতে সমিতির নির্বাচন পরিচালনার জন্য বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির অধীনে নির্বাচন কমিশনার হিসাবে নিযুক্ত ব্যক্তিকে বুঝাইবে। * "নির্বাচন কমিশন" বলিতে সমিতির নির্বাচন পরিচালনার জন্য বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির অধীনে নিযুক্ত নির্বাচন কমিশনকে বুঝাইবে । * "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে। * "নির্বাচন" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি ও কার্যনির্বাহী কমিটির অন্যান্য কর্মকর্তা ও সদস্যদের	কর্মচারী কল্যাণ সমিতির ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদককে বুঝাইবে। (চ) "গঠনতন্ত্র" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির গঠনতন্ত্রকে বুঝাইবে। (ছ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে। (জ) "নির্বাচন" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির গঠনতন্ত্রের ১৭ ধারায় বর্ণিত কার্যনির্বাহী কমিটির নির্বাচন বুঝাইবে । (ঝ) "নির্বাচন কমিশন" বলিতে সমিতির নির্বাচন পরিচালনার জন্য বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির গঠনতন্ত্রের ১৭ ধারার অধীনে নিযুক্ত নির্বাচন কমিশনকে বুঝাইবে । (ঞ) "নির্বাচন কমিশনার" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির গঠনতন্ত্রের ১৭ ধারায় বর্ণিত সমিতির নির্বাচন পরিচালনার জন্য সমিতির অধীনে নির্বাচন কমিশনার হিসাবে নিযুক্ত ব্যক্তিকে বুঝাইবে। (ট) "নির্বাচনি দরখাস্ত" বলিতে নির্বাচন বিধিমালার আওতায় দাখিলকৃত কোন নির্বাচনি দরখাস্ত বুঝাইবে। (ঠ) "নির্বাচন প্রার্থী" বলিতে এমন একজন ব্যক্তিকে বুঝাইবে যিনি নির্বাহী কমিটির যে কোনো পদে নির্বাচনে প্রার্থী হইয়াছেন মর্মে ঘোষণা দেওয়া হইয়াছে । (ড) "প্রচার ও প্রকাশনা সম্পাদক" বলিতে	**করা হইয়াছে।** **প্রচার ও প্রকাশনা সম্পাদক নামে নতুন পদ সৃষ্টির প্রস্তাব করা হইয়াছে।**	

নির্বাচন বুঝাইবে । * “নির্বাচন প্রার্থী” বলিতে এমন একজন ব্যক্তিকে বুঝাইবে যিনি সভাপতি, সহ-সভাপতি, মহাসচিব, কোষাধ্যক্ষ, যুগ্ম কোষাধ্যক্ষ, যুগ্ম মহাসচিব, সহকারি মহাসচিব বা সদস্য নির্বাচনে প্রার্থী হইয়াছেন মর্মে ঘোষণা দেওয়া হইয়াছে। * “নির্বাচনী দরখাস্ত" বলিতে নির্বাচন বিধিমালার আওতায় দাখিলকৃত কোন নির্বাচনী দরখাস্ত বুঝাইবে। * “ সমিতি” বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতিকে বুঝাইবে । * "প্রতিদ্বন্দ্বী প্রার্থী” বলিতে এমন একজন প্রার্থীকে বুঝাইবে যিনি সভাপতি, সহ-সভাপতি, মহাসচিব, কোষাধ্যক্ষ, যুগ্ম-কোষাধ্যক্ষ, যুগ্ম-মহাসচিব, সহকারি মহাসচিব ও সদস্য হিসাবে নির্বাচিত হওয়ার জন্য বৈধভাবে মনোনয়ন প্রাপ্ত হইয়াছেন এবং প্রার্থী পদ প্রত্যাহারের তারিখে অথবা তৎপূর্বে তাহার প্রার্থীতা প্রত্যাহার করেন নাই। * “প্রার্থী” বলিতে এমন একজন ব্যক্তিকে বুঝাইবে যাহার নাম সভাপতি, সহ-সভাপতি, মহাসচিব, কোষাধ্যক্ষ, যুগ্ম-মহাসচিব, যুগ্ম কোষাধ্যক্ষ, সহকারি মহাসচিব বা সদস্য পদে নির্বাচিত হওয়ার উদ্দেশ্যে প্রস্তাব করা হইয়াছে।	বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির প্রচার ও প্রকাশনা সম্পাদককে বুঝাইবে। (ঢ) “প্রধান নির্বাচন কমিশনার” বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির গঠনতন্ত্রের ১৭ ধারায় বর্ণিত সমিতির নির্বাচন পরিচালনার জন্য সমিতির অধীনে প্রধান নির্বাচন কমিশনার হিসাবে নিযুক্ত ব্যক্তিকে বুঝাইবে। (ণ) "প্রতিদ্বন্দ্বী প্রার্থী” বলিতে এমন একজন প্রার্থীকে বুঝাইবে যিনি কার্যনির্বাহী কমিটির যে কোনো পদে নির্বাচিত হওয়ার জন্য বৈধভাবে মনোনয়ন প্রাপ্ত হইয়াছেন এবং প্রার্থিতা পদ প্রত্যাহারের তারিখে অথবা তৎপূর্বে তাহার প্রার্থিতা প্রত্যাহার করেন নাই। (ত) “প্রার্থী” বলিতে এমন একজন ব্যক্তিকে বুঝাইবে যাহার নাম কার্যনির্বাহী কমিটির যে কোনো পদে নির্বাচিত হওয়ার উদ্দেশ্যে প্রস্তাব করা হইয়াছে। (থ) “প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ” বলিতে প্রার্থিতা প্রত্যাহারের উদ্দেশ্যে বিধি-৯-এর আওতায় বর্ণিত নির্ধারিত কোন তারিখ বা উহার পূর্বের যে কোন তারিখ বুঝাইবে । (দ) “প্রিজাইডিং অফিসার” বলিতে বিধি ৮ এর আওতায় নিযুক্ত প্রিজাইডিং অফিসারকে বুঝাইবে। (ধ) “ফরম” বলিতে তফসিলে বিধৃত সংযুক্ত সকল ফরম বুঝাইবে। ক, খ, গ,	ইতোপূর্বে তফসিলে ফরম নং ছিল না এবং সংজ্ঞায় ফরম ছিল না। এখন নতুনভাবে সংজ্ঞায়ন ও ক্রমিকায়ন করা হইয়াছে। সমিতিতে সরকারি অনুদান আর্থিক বছরের ভিত্তিতে প্রদান	

* "প্রার্থী পদ প্রত্যাহারের তারিখ" বলিতে প্রার্থী পদ প্রত্যাহারের উদ্দেশ্যে বিধি-৯-এর আওতায় বর্ণিত নির্ধারিত কোন তারিখ বা উহার পূর্বের যে কোন তারিখ বুঝাইবে। * "রিটার্নিং অফিসার" বলিতে বিধি ৬ এর আওতায় নিযুক্ত একজন রিটার্নিং অফিসারকে বুঝাইবে। * "সহকারি রিটার্নিং অফিসার" বলিতে বিধি ৬ এর আওতায় নিযুক্ত সহকারি রিটার্নিং অফিসারকে বুঝাইবে। * "প্রিজাইডিং অফিসার" বলিতে বিধি ৮ এর আওতায় নিযুক্ত প্রিজাইডিং অফিসারকে বুঝাইবে। * "সহকারি প্রিজাইডিং অফিসার" বলিতে বিধি ৮ এর আওতায় নিযুক্ত সহকারি প্রিজাইডিং অফিসারকে বুঝাইবে। * "ফরম" বলিতে তফসিলে বিধৃত সংযুক্ত সকল ফরম বুঝাইবে। ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ (সংযুক্ত)। * "বাছাইয়ের তারিখ" বলিতে মনোনয়নপত্র বাছাইয়ের উদ্দেশ্যে বিধি-৯ এর আওতায় নির্ধারিত তারিখকে বুঝাইবে। * "ভোটার" বলিতে এমন একজন সদস্য যাহার নাম বিধি-৪ অনুসারে ভোটার তালিকায় অর্ন্তভুক্ত হইয়াছে তাহাকে বুঝাইবে।	ঘ, ঙ, চ, ছ (সংযুক্ত)। (ন) "বৎসর" বলিতে খ্রিস্টিয় পঞ্জিকাবর্ষের ১ জানুয়ারি হইতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়কে বুঝাইবে। তবে আর্থিক বছর বলিতে ১ জুলাই হইতে ৩০ শে জুন পর্যন্ত সময়কালকে বুঝাইবে। (প) "বাছাইয়ের তারিখ" বলিতে মনোনয়নপত্র বাছাইয়ের উদ্দেশ্যে বিধি-৯ এর আওতায় নির্ধারিত তারিখকে বুঝাইবে। (ফ) "ভোট গ্রহণের তারিখ" বলিতে নির্বাচনের জন্য বিধি-৯ এর আওতায় নির্ধারিত ভোট গ্রহণের তারিখ বুঝাইবে। (ব) "ভোটার" বলিতে এমন একজন সদস্য যাহার নাম বিধি-৪ অনুসারে ভোটার তালিকায় অর্ন্তভুক্ত হইয়াছে তাহাকে বুঝাইবে। (ভ) "ভোটার তালিকা" বলিতে বিধি-৪ এ উল্লেখিত ভোটার তালিকা বুঝাইবে। (ম) "মনোনয়নপত্র দাখিলের তারিখ" বলিতে প্রার্থী মনোনয়নের উদ্দেশ্যে বিধি-৯ এর আওতায় নির্ধারিত মনোনয়নপত্র দাখিলের তারিখকে বুঝাইবে। (য) "মহাসচিব" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির মহাসচিবকে বুঝাইবে। (র) "যুগ্ম কোষাধ্যক্ষ" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ	করায় আর্থিক বছরের বিষয়টি সংজ্ঞায়িত করে সংশোধনের প্রস্তাব করা হয়েছে।	

* "ভোট গ্রহণের তারিখ" বলিতে নির্বাচনের জন্য বিধি-১ এর আওতায় নির্ধারিত ভোট গ্রহনের তারিখ বুঝাইবে। * "ভোটার তালিকা" বলিতে বিধি-৪ এ উল্লেখিত ভোটার তালিকা বুঝাইবে । * "অবসর ভবন" বলিতে ঢাকাস্থ বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির অফিস ভবন এবং ইহার সীমানা প্রাচীর এর অভ্যন্তরস্থ স্থাপনা ও ভূমি বুঝাইবে। * "মনোনয়নপত্র দাখিলের তারিখ" বলিতে প্রার্থী মনোনয়নের উদ্দেশ্যে বিধি-৯ এর আওতায় নির্ধারিত মনোনয়নপত্র দাখিলের তারিখকে বুঝাইবে। * "কার্যনির্বাহী কমিটি" বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত কার্যনির্বাহী কমিটিকে বুঝাইবে । * "বৎসর" বলিতে ১ জানুয়ারী হইতে ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়কে বুঝাইবে।	সমিতির যুগ্ম কোষাধ্যক্ষকে বুঝাইবে। (ল) "যুগ্ম-মহাসচিব" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির যুগ্ম- মহাসচিবকে বুঝাইবে। (শ) "রিটার্নিং অফিসার" বলিতে বিধি ৬ এর আওতায় নিযুক্ত একজন রিটার্নিং অফিসারকে বুঝাইবে। (ষ) "সদস্য" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির বিধি-বিধান অনুযায়ী তালিকাভুক্ত সাধারণ ও আজীবন সকল সদস্যকেই বুঝাইবে। (স) "সভাপতি" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতিকে বুঝাইবে । (হ) "সমিতি" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতিকে বুঝাইবে । (ড়) "সহকারি প্রিজাইডিং অফিসার" বলিতে বিধি ৮ এর আওতায় নিযুক্ত সহকারি প্রিজাইডিং অফিসারকে বুঝাইবে। (ঢ়) "সহকারি রিটার্নিং অফিসার" বলিতে বিধি ৬ এর আওতায় নিযুক্ত সহকারি রিটার্নিং অফিসারকে বুঝাইবে। (য়) "সহ-সভাপতি" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সহ-সভাপতিকে বুঝাইবে। (ৎ) "স্বাস্থ্য ও কল্যাণ সম্পাদক" বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী	**স্বাস্থ্য ও কল্যাণ সম্পাদক নামে নতুন পদ সৃষ্টির প্রস্তাব করা হইয়াছে।**	

	কল্যাণ সমিতির স্বাস্থ্য ও কল্যাণ সম্পাদককে বুঝাইবে।		
৩। নির্বাচন কমিশন : (১) নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে গঠনতন্ত্রের দফা ১৭ (ক) অনুসারে কার্যনির্বাহী কমিটি কর্তৃক সমিতির আজীবন সদস্যদের মধ্য হইতে মনোনীত একজন প্রধান নির্বাচন কমিশনার এবং দুইজন নির্বাচন কমিশনার সমন্বয়ে গঠিত নির্বাচন কমিশন এই বিধিমালায় বিধৃত পদ্ধতি অনুসরণ করিবে। (২) এই বিধিমালার আওতায় উহার দায়িত্ব পালনে সহায়তা করার উদ্দেশ্যে প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার নির্বাচন সম্বন্ধে যে কোন সদস্য (সভাপতি ব্যতীত), কার্যনির্বাহী কমিটির যে কোন কর্মকর্তা বা সদস্যকে নির্দেশ দিতে পারিবেন এবং অনুরূপভাবে নির্দেশিত হইলে উক্ত স্থায়ী সদস্য বা কর্মকর্তা বা সদস্য নির্দেশিত দায়িত্ব পালন বা সহায়তা করিতে বাধ্য থাকিবেন। (৩) নির্বাচন কমিশন প্রার্থীদের জন্য নির্বাচন আচরণ প্রণয়ন করিবেন।	**৩। নির্বাচন কমিশন :** (১) কার্যনিবাহী কমিটির মেয়াদ পূর্তির ৯০ (নব্বই) দিন পূর্বে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে গঠনতন্ত্রের দফা ১৭ (ক) অনুসারে কার্যনির্বাহী কমিটি কর্তৃক সমিতির আজীবন সদস্যদের মধ্য হইতে মনোনীত একজন প্রধান নির্বাচন কমিশনার এবং দুইজন নির্বাচন কমিশনার সমন্বয়ে গঠিত নির্বাচন কমিশন এই বিধিমালায় বিধৃত পদ্ধতি অনুসরণ করিবে। (২) এই বিধিমালার আওতায় উহার দায়িত্ব পালনে সহায়তা করার উদ্দেশ্যে প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার নির্বাচন সম্বন্ধে যে কোন সদস্য (সভাপতি ব্যতীত), কার্যনির্বাহী কমিটির যে কোন কর্মকর্তা বা সদস্যকে নির্দেশ দিতে পারিবেন এবং অনুরূপভাবে নির্দেশিত হইলে উক্ত স্থায়ী সদস্য বা কর্মকর্তা বা সদস্য নির্দেশিত দায়িত্ব পালন বা সহায়তা করিতে বাধ্য থাকিবেন। (৩) নির্বাচন কমিশন প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের জন্য এই বিধিমালায় বর্ণিত নির্বাচনি আচরণ নীতিমালা ছাড়াও প্রয়োজনে অন্যান্য বিধান প্রণয়ন করিবে।	নির্বাচন কমিশন গঠনের জন্য নির্ধারিত কোন তারিখ ছিল না। প্রস্তাবিত সংশোধনীতে সময় নির্ধারণ করা হইয়াছে। নির্বাচন কমিশন প্রার্থীদের নির্বাচনি আচরণ নীতিমালা ছাড়াও প্রয়োজনে অন্যান্য বিধান প্রণয়নের জন্য বিধান করা প্রস্তাব করা হইয়াছে।	অনুমোদিত

বিদ্যমান নির্বাচন বিধিমালা -২০২৪	প্রস্তাবিত সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ, ২০২৬ তারিখের সহায়ক কমিটি ও উপকমিটির যৌথ সভায় সিদ্ধান্ত
৪। ভোটার এবং ভোটার তালিকা : **সমিতির বিধি-বিধান অনুযায়ী তালিকাভুক্ত সাধারণ ও আজীবন সকল সদস্য যারা নির্ধারিত তারিখের মধ্যে সমিতির সকল দেনা-পাওনা পরিশোধ করিবেন তাহারা ভোটার হইবার যোগ্যতা অর্জন করিবেন। এছাড়াও জেলা শাখা সমিতির চেয়ারম্যান ও সাধারণ সম্পাদকগণ ভোটার হইবেন।** বিধি-৯ এর আওতায় বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠানের ন্যূনতম ৫০ দিন পূর্বে সমিতির মহাসচিব ১০(দশ) দিন সময়ের মধ্যে সংশোধনের ব্যবস্থা রাখিয়া একটি খসড়া ‘ভোটার তালিকা’ নোটিশ বোর্ডে প্রদর্শন করিবেন।	**৪। ভোটার এবং ভোটার তালিকা :** সমিতির বিধি-বিধান অনুযায়ী তালিকাভুক্ত সাধারণ ও আজীবন সকল সদস্য যারা নির্ধারিত তারিখের মধ্যে সমিতির সকল দেনা-পাওনা পরিশোধ করিবেন তাঁহারা ভোটার হইবার যোগ্যতা অর্জন করিবেন। এছাড়াও জেলা শাখা সমিতির চেয়ারম্যান ও সাধারণ সম্পাদকগণ ভোটার হইবেন। গঠনতন্ত্রের দফা ১৫(১) এর আওতায় বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠানের ন্যূনতম ৯০ দিন পূর্বে কার্যনির্বাহী কমিটি সংশোধনের ব্যবস্থা রাখিয়া একটি খসড়া ‘ভোটার তালিকা’ নোটিশ বোর্ডে প্রদর্শন করিবেন। নির্বাহী পরিষদ কর্তৃক প্রকাশিত খসড়া ভোটার তালিকা প্রাপ্তির পর আপত্তি/অভিযোগ নিস্পত্তি সাপেক্ষে নির্বাচন কমিশন নির্বাচন তফসিল ঘোষণার অব্যবহিত পূর্বে চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবে।	নির্বাচন অনুষ্ঠানের ৯০ দিন পূর্বে সংশোধনের ব্যবস্থা রাখিয়া খসড়া ভোটার তালিকা প্রদর্শনের জন্য সংশোধনী প্রস্তাব করা হইয়াছে। নির্বাচন কমিশন গঠনের পর নির্বাচন কমিশন চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার সংশোধন প্রস্তাব করা হইয়াছে।	অনুমোদিত

বিদ্যমান নির্বাচন বিধিমালা -২০২৪	প্রস্তাবিত সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ, ২০২৬ তারিখের সহায়ক কমিটি ও উপকমিটির যৌথ সভায় সিদ্ধান্ত
৫। প্রার্থী : ভোটার তালিকায় যাহার নাম লিপিবদ্ধ হইয়াছে তিনি প্রার্থী হইতে পারিবেন।	**৫। প্রার্থী :** গঠনতন্ত্রের দফা ৮ ও ১২ এর বিধান অনুসারে যে কোনো যোগ্য ব্যক্তি এবং চুড়ান্ত ভোটার তালিকায় যাহার নাম লিপিবদ্ধ হইয়াছে তিনি কার্যনির্বাহী কমিটির যে কোন পদে প্রার্থী হইতে পারিবেন।		
৭। ভোট কেন্দ্র ও ভোট কক্ষ : নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী রিটার্নিং অফিসার নির্বাচন পরিচালনার জন্য অবসর ভবনে/ অন্য কোন সুপরিসর জায়গায় ভোট কেন্দ্রের ব্যবস্থা করিবেন এবং এইরূপ ভোট কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক ভোট কক্ষের ব্যবস্থা রাখিবেন যেখানে ভোট চিহ্ন প্রদানেরও ব্যবস্থা থাকিবে।	**৭। ভোট কেন্দ্র ও ভোট কক্ষ :** নিবার্চন কমিশনের নির্দেশনা অনুযায়ী রিটার্নিং অফিসার নিবার্চন পরিচালনার জন্য অবসর ভবনে/ অন্য কোন সুপরিসর জায়গায় প্রয়োজনীয় ভোটকন্দ্রের ব্যবস্থা করিবেন এবং এইরূপ ভোটকেন্দ্রে ভোটকেন্দ্রসমূহে প্রয়োজনীয় সংখ্যক ভোট কক্ষের ব্যবস্থা রাখিবেন যেখানে গোপনীয়ভাবে ভোট চিহ্ন প্রদানেরও ব্যবস্থা থাকিবে।	ভোটকেন্দ্র ও ভোটকক্ষের ব্যবস্থার জন্য প্রয়োজনীয় সংখ্যক ও গোপনীয় মার্কিং প্লেসের কথা বিধৃত করা হইয়াছে।	অনুমোদিত

বিদ্যমান নির্বাচন বিধিমালা -২০২৪	প্রস্তাবিত সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ, ২০২৬ তারিখের সহায়ক কমিটি ও উপকমিটির যৌথ সভায় সিদ্ধান্ত
৮। প্রিজাইডিং অফিসার : (১) রিটার্নিং অফিসার ভোট কেন্দ্রের জন্য নির্বাচনের প্রার্থী হইবেন না এমন একজন আজীবন সদস্যকে প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা করার জন্য অনুরূপ প্রয়োজনীয় সংখ্যক সহকারি প্রিজাইডিং অফিসার নিয়োগ করিবেন অথবা কোন সরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা করিবার জন্য সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রয়োজনীয় সংখ্যক কমকর্তা/কর্মচারীকে সহকারি প্রিজাইডিং অফিসার নিয়োগ করিবেন।	**৮। প্রিজাইডিং অফিসার :** (১) রিটার্নিং অফিসার প্রয়োজনীয় সংখ্যক ভোট কেন্দ্রের জন্য নির্বাচনের প্রার্থী হইবেন না এমন প্রয়োজনীয় সংখ্যক আজীবন সদস্যকে প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা করিবার জন্য অনুরূপ প্রয়োজনীয় সংখ্যক সহকারি প্রিজাইডিং অফিসার নিয়োগ করিবেন অথবা কোন সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা করিবার জন্য সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রয়োজনীয় সংখ্যক কমকর্তা/কর্মচারীকে সহকারি প্রিজাইডিং অফিসার নিয়োগ করিবেন।	ভাষাগত ত্রুটি সংশোধন করা হইয়াছে।	অনুমোদিত

বিদ্যমান নির্বাচন বিধিমালা -২০২৪	প্রস্তাবিত সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ, ২০২৬ তারিখের সহায়ক কমিটি ও উপকমিটির যৌথ সভায় সিদ্ধান্ত
৯। নির্বাচনের তফসিল : (১) নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সমিতি ভবনের নোটিশ বোর্ডে প্রদর্শনের মাধ্যমে বিজ্ঞপ্তি দ্বারা নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নরূপ তফসিল নির্ধারণ করিবে : (ক) মনোনয়নপত্র দাখিলের তারিখ ; (খ) মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ। (গ) প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ ; (ঘ) প্রার্থী পদ প্রত্যাহারের তারিখ ; (ঙ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ ; (চ) ভোট গ্রহণের তারিখ । (২) নির্বাচন কমিশন উক্ত বিজ্ঞপ্তির কপি রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করিবে এবং অবগতির জন্য সমিতির সভাপতির নিকটও প্রেরণ করিবে।	**৯। নির্বাচনের তফসিল :** (১) নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সমিতি ভবনের নোটিশ বোর্ডে প্রদর্শনের মাধ্যমে বিজ্ঞপ্তি দ্বারা নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নরূপ তফসিল নির্ধারণ করিবে : (ক) মনোনয়নপত্র দাখিলের তারিখ ; (খ) মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ; (গ) প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ। (ঘ) ভোট গ্রহণের তারিখ ; (২) নির্বাচন কমিশন উক্ত বিজ্ঞপ্তির কপি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং উহার কপি রিটার্নিং অফিসারের নিকট এবং অবগতির জন্য সমিতির সভাপতির নিকটও প্রেরণ করিবেন।	জাতীয় সংসদ নির্বাচন আইন 'গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুরূপ করা হইয়াছে। স্বচ্ছতার জন্য নির্ধাচন কমিশন জারীকৃত নির্বাচনী সময়সূচীর বিজ্ঞপ্তি দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশেরও ব্যবস্থার জন্য সংশোধনী প্রস্তাব করা হইয়াছে।	অনুমোদিত

বিদ্যমান নির্বাচন বিধিমালা -২০২৪	প্রস্তাবিত সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ, ২০২৬ তারিখের সহায়ক কমিটি ও উপকমিটির যৌথ সভায় সিদ্ধান্ত
১০। মনোনয়নপত্র আহবানের নোটিশ : সমিতির নির্বাচনের উদ্দেশ্যে সভাপতি, সহ-সভাপতি, মহাসচিব, কোষাধ্যক্ষ, যুগ্ম-মহাসচিব, যুগ্ম-কোষাধ্যক্ষ, সহকারি মহাসচিব ও সদস্যপদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহবান জানাইয়া রিটার্নিং অফিসার বিধি-৯ এর অধীনে বিজ্ঞপ্তি জারি করিবেন এবং উক্ত বিজ্ঞপ্তিতে মনোনয়নপত্র দাখিলের স্থান, তারিখ ও সময় উল্লেখ করিবেন।	**১০। মনোনয়নপত্র আহবানের নোটিশ :** সমিতির নির্বাচনের উদ্দেশ্যে কার্যনির্বাহী কমিটির যে কোনো পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিল, আহবান জানাইয়া রিটার্নিং অফিসার বিধি-৯ এর অধীনে বিজ্ঞপ্তি জারি করিবেন এবং উক্ত বিজ্ঞপ্তিতে মনোনয়নপত্র দাখিল, বাছাইয়ের এবং প্রার্থিতা প্রত্যাহারের স্থান, তারিখ ও সময় উল্লেখ করিবেন।	সমিতির পদসমূহ সময়ে সময়ে হ্রাসবৃদ্ধি হতে পারে, তাই বিধিমালার পদের নাম না রাখিয়া যে কোনো পদের নির্বাচনের বিষয় সংশোধন করা হইয়াছে।	অনুমোদিত
১১। মনোনয়ন : (১) সমিতির যে কোন ভোটার বিধি ১৫ এর বিধান অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হওয়ার যোগ্য যে কোন সদস্যের নাম নির্বাচনের উদ্দেশ্যে প্রস্তাব করিতে বা অনুরূপ প্রস্তাবের সমর্থন করিতে পারিবেন; (২) নির্বাচনের জন্য নির্দিষ্ট ফরম 'ক' তে মনোনয়ন দাখিল করিতে হইবে এবং এইরূপ মনোনয়ন প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক দস্তখতকৃত হইতে হইবে এবং উক্ত মনোনয়নপত্রে প্রার্থী এই মর্মে প্রত্যয়ন করিবেন যে, তিনি উক্ত মনোনয়নে সম্মত আছেন; (৩) প্রতিটি মনোনয়নপত্র সংশ্লিষ্ট প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী দ্বারা	**১১। মনোনয়ন :** (১) সমিতির যে কোন ভোটার বিধি ১৫ এর বিধান অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হওয়ার যোগ্য যে কোন সদস্যের নাম নির্বাচনের উদ্দেশ্যে প্রস্তাব করিতে বা অনুরূপ প্রস্তাবের সমর্থন করিতে পারিবেন; (২) নির্বাচনের জন্য নির্দিষ্ট তফসিলে বর্ণিত ফরম 'ক' তে মনোনয়ন দাখিল করিতে হইবে এবং এইরূপ মনোনয়ন প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক দস্তখতকৃত হইতে হইবে এবং উক্ত মনোনয়নপত্রে প্রার্থী এই মর্মে প্রত্যয়ন করিবেন যে, তিনি উক্ত মনোনয়নে সম্মত আছেন; (৩) প্রতিটি মনোনয়নপত্র সংশ্লিষ্ট প্রার্থী বা	তফসিলে বর্ণিত ফরম উল্লেখ করা হইয়াছে।	অনুমোদিত

স্বাক্ষরিত মনোনয়নপত্র নির্ধারিত তারিখে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং রিটার্নিং অফিসার উহার প্রাপ্তির তারিখ ও সময় মনোনয়ন পত্রের উপর লিপিবদ্ধ করিবেন।	প্রস্তাবকারী বা সমর্থনকারী দ্বারা স্বাক্ষরিত মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত তারিখে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং রিটার্নিং অফিসার উহার প্রাপ্তির স্থান, তারিখ ও সময় মনোনয়ন পত্রের উপর লিপিবদ্ধ করিবেন। একই সাথে বাছাইয়ের এবং প্রার্থিতা প্রত্যাহারের স্থান, তারিখ ও সময় উল্লেখ করিবেন।	মনোয়নপত্রে প্রার্থীকে বাছাই ও প্রার্থিতা প্রত্যাহারের **স্থান**, তারিখ, সময় উল্লেখ করা হইয়াছে।	
১২। প্রার্থীকে ৫০০ টাকা জমা দিয়া অফিস হইতে মনোনয়নপত্র ক্রয় করিতে হইবে।	**১২। মনোনয়নপত্রের মূল্য:** প্রার্থীকে নির্বাচন কমিশন নির্ধারিত টাকা জমা দিয়া অফিস হইতে মনোনয়নপত্র ক্রয় করিতে হইবে।	ফরমে মূল্য নির্ধারিত না করে নির্বাচন কমিশনের নির্ধারিত মূল্যে ক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে।	অনুমোদিত

বিদ্যমান নির্বাচন বিধিমালা -২০২৪	প্রস্তাবিত সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬	গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালা সংস্কার কমিটির ব্যাখা	১০ মার্চ, ২০২৬ তারিখের সহায়ক কমিটি ও উপকমিটির যৌথ সভায় সিদ্ধান্ত
১৩। বাছাই : (১) প্রার্থীগণ, প্রস্তাবকারী এবং প্রত্যেক প্রার্থী কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রাপ্ত অন্য একজন আজীবন বা সাধারণ সদস্য মনোনয়ন পত্রসমূহ বাছাই অনুষ্ঠানে উপস্থিত থাকিতে পারিবেন; (২) রিটার্নিং অফিসার উপবিধি (১) এর অধীনে বাছাই অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিগণের সম্মুখে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করিবেন এবং কোন মনোনয়নের ক্ষেত্রে উত্তরূপ কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবেন : (৩) রিটার্নিং অফিসার তাঁহার নিজ উদ্যোগে অথবা উপবিধি (১) এ উল্লেখিত কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তির পরিপ্রেক্ষিতে তিনি যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ সংক্ষিপ্ত তদন্ত অনুষ্ঠান করিতে পারিবেন এবং যে কোন মনোনয়ন পত্র বাতিল করিতে পারিবেন, যদি তিনি সন্তুষ্ট হন যে- (ক) প্রার্থী সভাপতি, সহ-সভাপতি, মহাসচিব, কোষাধ্যক্ষ, যুগ্ম মহাসচিব, যুগ্ম কোষাধ্যক্ষ, সহকারি মহাসচিব বা সদস্য হিসাবে নির্বাচিত হইবার যোগ্য নহেন, অথবা	**১৩। বাছাই :** (১) প্রার্থীগণ, প্রস্তাবকারী সমর্থনকারী এবং প্রত্যেক প্রার্থী কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রাপ্ত অন্য একজন আজীবন বা সাধারণ সদস্য মনোনয়নপত্রসমূহ বাছাই অনুষ্ঠানে উপস্থিত থাকিতে পারিবেন; (২) রিটার্নিং অফিসার উপবিধি (১) এর অধীনে বাছাই অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিগণের সম্মুখে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করিবেন এবং কোন মনোনয়নের ক্ষেত্রে উক্তরূপ কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবেন : (৩) রিটার্নিং অফিসার তাঁহার নিজ উদ্যোগে অথবা উপবিধি (১) এ উল্লেখিত কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তির পরিপ্রেক্ষিতে তিনি যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ সংক্ষিপ্ত তদন্ত অনুষ্ঠান করিতে পারিবেন এবং নিম্নোক্ত কারণে যে কোন মনোনয়ন পত্র বাতিল করিতে পারিবেন, যদি তিনি সন্তুষ্ট হন যে- (ক) প্রার্থী সংশ্লিষ্ট পদে নির্বাচিত হইবার যোগ্য নহেন, অথবা (খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী মনোনয়নপত্র স্বাক্ষর করিবার যোগ্যতা সম্পন্ন নহেন; অথবা	মনোনয়নপত্র বাতিলের কারণসমূহ সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা হইয়াছে। সমিতির পদসমূহ সময়ে সময়ে হ্রাস-বৃদ্ধি ও নতুন সৃষ্টি হতে পারে বিধায় সংশ্লিষ্ট পদে পদের নাম না রাখিয়া নির্বাচিত হইবার কথা উল্লেখ করা হইয়াছে।	অনুমোদিত

